# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাঙ্গা, যশোর।

## দরপত্র বিজ্ঞপ্তি

০১। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর দাপ্তরিক কাজের স্বার্থে নিজস্ব তহবিলের আওতায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউট সোর্সিং পদ্ধতিতে চুক্তিভিত্তিক ০৯ (নয়) জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। আউট সোর্সিং প্রক্রিয়ায় লোকবল সরবরাহের নিমিত্তে আগ্রহী নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রয়তব্য সেবার বিবরণ | দরপত্র দলিলের মূল্য অফেরতযোগ্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও সময়সূচী | দরপত্র দলিল গ্রহণের স্থান ও সময়সূচী | দরপত্র দলিল উন্মুক্ত করনের সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| এস-২৩-২৪.১০.০১-০০১ | আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী নিয়োগ-০৯ (নয়) জন (দরপত্র দলিলে বর্ণিত বিবরণ, শর্ত ও ছক অনুযায়ী) | ১৫০০/- | ১,৮৫,০০০/- | (i) পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। **১১/০৯/২০২৩ খ্রি: সোমবার হইতে ২৪/০৯/২০২৩খ্রি: রবিবার বেলা ০৪:০০ ঘটিকা পর্যন্ত** | (i) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। **২৫/০৯/২০২৩খ্রি: সোমবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত** | (i) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর। **২৫/০৯/২০২৩খ্রি: সোমবার বেলা ১১:০৫ ঘটিকায়।** |

০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০৩। আগ্রহী দরদাতাগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিল ক্রয়ের জন্য উপরে বর্নিত ছকের কলাম-৩ এ উল্লেখিত টাকার অফেরতযোগ্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার বরাবরে আবেদন পূর্বক (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ম তলা) পূর্ব অংশ, জোয়ার সাহারা, খিলক্ষেত, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা-১২২৯ ও (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর হতে কলাম-০৫ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৪। দরপত্র বিজ্ঞপ্তির কলাম ০৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র ব্যক্তিগতভাবে/বাহক মারফত (i) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দরপত্রের কলাম-৪ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমান দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র কলাম-৭ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট ও দরপত্র দলিলে উল্লেখিত শর্ত মোতাবেক অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৭। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৮। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

**(আবু বকর শিবলী)** ১০/৯/২৩
জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

**" বিদ্যুৎ আপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি"**